Nagorikata: Gender Equality Project
SHARP

# শিশু সুরক্ষা নীতিমালা
## Child Safeguarding Policy

পরিমার্জিত সংস্করণ:
জানুয়ারী ২০২৫

SHARP
শার্প
সোসিও হেলথ অ্যান্ড রিহ্যাবিলিটেশন প্রোগ্রাম
কাজিপুর রোড, খোকশাবাড়ী, সিরাজগঞ্জ

Nagorikata: Gender Equality Project
SHARP

# সূচীপত্র


| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| উদ্দেশ্য | ঃ | ৩ |
| মূলনীতি | ঃ | ৩ |
| প্রক্রিয়া/কর্মপদ্ধতি | ঃ | ৪ |
| সচেতনতা | ঃ | ৪ |
| প্রতিরোধ | ঃ | ৪ |
| রিপোর্টিং | ঃ | ৪ |
| প্রতিক্রিয়া | ঃ | ৫ |
| শিশু সুরক্ষা আচরনবিধি | ঃ | ৫-৭ |




Safia Khatun
Director-SHARP

Helal Ahmed
Vice President-SHARP

Md. Showkat Ali
President-SHARP

# শিশু সুরক্ষা নীতিমালা

প্রযোজ্যতা/বাঞ্চনীয়তা/প্রয়োগযোগ্যতা ।
এই নীতিমালা শার্প এর সকল কর্মী, চাকুরী প্রার্থী এবং বোর্ডের সকল সদস্যর জনী প্রযোজ্য বাঞ্চনীয়/প্রয়োগযোগ্য।

উদ্দেশ্য :
এই নীতিমালার সার্বিক লক্ষ্য হল শার্প এর সকল শিশুর নিরাপত্তা, গোপনীয়তা এবং মর্যাদা রক্ষা করা। শার্প এর লক্ষ্য হল শিশুদের গুনগত শিক্ষার সুযোগ প্রদান করা এবং শার্প এর কোন কার্যক্রমেই শিশুদের প্রতি অত্যাচার ক্ষতি, অবহেলা অথবা শোষনকে সমর্থন করেনা । শিশুর প্রতি যেকোন ধরনের অত্যাচার এবং শোষন মুলক কার্যকমের ক্ষেত্রে শার্প এর রয়েছে শুন্য সহ্য সীমার নীতি(জিরা টলারেন্স নীতি) এবং শার্প দৃঢ ভাবে বিশ্বাস করে সকল শিশুরই নিরাপত্তা লাভের সমান অধিকার রয়েছে। আর এ ভাবে শার্প সকল শিশু বিশেষত: যেসব শিশু এই সংস্থার বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহন করে তাদের নিরাপত্তা, গোপনীয়তা ও মর্যাদা রক্ষার কাজে পুরোপুরি ভাবে নিবেদিত ।

এই নীতিমালা অনুযায়ী শার্প শিশুদের সার্বিক মঙ্গল এবং যে কোন ধরনের অত্যাচার ও শোষন হতে শিশুদের রক্ষার জন্য অঙ্গিকারবদ্ধ। একই ভাবে এই অঙ্গিকার পূরনের জন্য অর্থাৎ শিশুদের বিশেষত: যে সকল শিশু এই সংস্থার কার্যক্রমের সাথে জড়িত (এই নীতিমালায় শার্প এর শিশু হিসেবে পরিগনিত ) তাদের অত্যাচার ও শোষন হতে রক্ষার জন্য প্রয়োজনীয় পদক্ষেপসমূহও এই নীতমালায় বর্ণিত হয়েছে। জাতি সংঘের শিশু অধিকার সনদ অনুযায়ী এবং এই নীতিমালার উদ্দেশ্যগত কারনে ১৮(আঠার) বছরের নীচে যেকোন ব্যক্তিই শিশু হিসেবে বিবেচিত হবে যদি না পূর্বোক্ত কোন আইন অথবা সংখ্যাগুরুর কোন মতামত এক্ষেত্রে প্রযোজ্য হয়। এই নীতিমালা শার্প এর সকল কর্মী, বোর্ডের সদস্য, স্বেচ্ছাসেবী ইনটার্ন এবং কনসালটেন্টের জন্য সমভাবে প্রযোজ্য হবে। ( এই নীতিমালায় সকলকে একত্রে শার্প প্রতিনিধি হিসেবে বিবেচনা করা হয়েছে)
নীতিমালা

মূলনীতি

১. প্রত্যেক শিশুর নিরাপত্তা লাভের সমান অধিকার রয়েছে।
২. প্রত্যেক শিশুরই অবহেলা, উৎপীড়ন, শারিরীক, মানষিক ও যৌন আক্রমন এবং অনিষ্টসহ যেকোন ধরনের অত্যাচার এবং শোষন হতে রক্ষা পাওয়ার অধিকার রয়েছে।
৩. প্রত্যেক শিশুর সমান সম্মান এবং মর্যাদাপূর্ন ব্যবহার/আচরণ করতে হবে।
৪. প্রত্যেক শিশুকেই তাদের অপার সম্ভাবনার পরিপূর্ন বিকাশে উৎসাহিত করতে হবে এবং যেকোন ধরনের অসমতাকে প্রশ্নবিদ্ধ করতে হবে।
৫. প্রত্যেক শিশুকেই তাদের মত প্রকাশে উৎসাহিত করতে হবে। শার্প শিশুদের জন্য এমন একটি পরিবেশ তৈরীর অঙ্গিকারবদ্ধ যেখানে শিশুরা নিজেদেরকে প্রকাশের ক্ষেত্রে এবং শ্রেণীকক্ষসহ অন্যান্য শিক্ষা সহায়ক পরিবেশ ও সুযোগ সুবিধা গ্রহন এবং জীবনে প্রভাব সৃষ্টিকারী যেকান ধরনের সিদ্ধান্ত তৈরীর সময় অংশগ্রহনের ক্ষেত্রে স্বাধীন।
৬. শার্প যেসব শিশুদের সাথে এবং যেসব শিশুর জন্য কাজ করে তাদের অত্যাচার/নির্যাতন এবং শোষন হতে রক্ষার জন্য অঙ্গিকারবদ্ধ/ প্রতিশ্রুতিবদ্ধ।



Safia Khatun
Director-SHARP

Helal Ahmed
Vice President-SHARP

Md. Showkat Ali
President-SHARP

প্রক্রিয়া/কর্মপদ্ধতিঃ

নিম্নবর্নিত ব্যবস্থাদির মধ্যদিয়ে শার্প শিশুদের নিরাপত্তা , গোপনীয়তা ও মর্যাদা রক্ষার অঙ্গিকার পূরন করবে।

১. সচেতনতা ঃ

শার্প এই নিশ্চয়তা প্রদান করবে যে, এই সংস্থার সকল প্রতিনিধি শার্প শিশুর প্রতি অত্যাচার নির্যাতন এবং শোষন প্রতিরোধের জন্য সংস্থা কতৃক গৃহীত অঙ্গিকার সম্বন্ধে সচেতন ।

- সকল শার্প প্রতিনিধি সংস্থার শিশু সুরক্ষা আচরন বিধি পড়বে, সাইন করবে এবং মেনে চলবে।
- শার্প এই নিশ্চয়তা প্রদান করবে যে, সংস্থার সকল প্রতিনিধি এই শিশু সুরক্ষা নীতিমালার কপি যেকোন সময় দেখতে পাবে।
- সকল নতুন কর্মীর সাথে সংস্থার পরিচয় তুলে ধরার সময় শিশু সুরক্ষা নীতিমালা বিশেষ গুরুত্বের সাথে অবহিত করতে হবে।
- শিশু সুরক্ষার এই অঙ্গিকার মেটানোর জন্য শার্প এর মানব সম্পদ বিভাগ অথবা সংস্থার শাখা কার্যালয়ের প্রতিনিধিদের প্রশিক্ষণ শিখন সুযোগ এবং যথাপযোক্ত সহায়তা প্রদান করবে।
- এই নীতিমালা ভঙ্গ করা অথবা শিশু সুরক্ষা যেকোন আচরনবিধি ভঙ্গ করা একটি মারাত্বক ধরনের দুষ্ট আচরন। এ ধরনের আচরনের ক্ষেত্রে চাকুরী চলে যাওয়া সহ দৃষ্টান্তমুলক শাস্তির ব্যাপারে সকল শার্প প্রতিনিধি সতর্ক থাকবে।

২. প্রতিরোধ ঃ শার্প প্রতিনিধি কর্তৃক শার্প শিশুদের নিরাপত্তা, গোপনীয়তা এবং মর্যাদা ভাঙ্গার ঝুকি কমানোর জন্য শার্প বিশেষ পদ্বতি অবলম্বন করবে।

- এমন কিছু বাছাই প্রক্রিয়ার সহায়তায় শার্প এর নতুন কর্মী নিয়োগ দেয়া হবে যাতে করে নিয়োগকৃত ব্যাক্তি কর্তৃক শার্প শিশুর প্রতি অগ্রহনযোগ্য আচরনের ঝুঁকি কমানো সম্ভব হয়।
- জ্ঞানতঃশার্প এমন কাউকে নিয়োগ দেবেনা বা এমন কাউকে শিশুদের সাথে কাজ করার সম্মতি দিবেনা যার শিশুর নিরাপত্তা ভঙ্গ এবং অকল্যানকর কিছু ঘটার ঝুঁকি রয়েছে।
- যে সমস্ত কার্যক্রমে শিশুরা সরাসরি জড়িত থাকে,যে সব ক্ষেত্রে শিশু নির্যাতন ও শোষনের ঝুঁকি কমানোর জন্য শার্প প্রতিনিধিরা যে সর্বোচ্চ প্রজেষ্টা অব্যহত রাখবে সে ব্যাপারে শার্প নিশ্চয়তা প্রদান করবে।
- শার্প শিশুর উপর যে কোন ধরনের তথ্যচিত্র ধারণ, ছবি তোলা এবং যোগাযোগ মাধ্যমের সহায়তার তথ্য সহ এসকল তথ্য চিত্র ছবি আদান প্রদানের সয় শিশু সুরক্ষার ব্যাপারে সর্বোচ্চ বিচার বিবেচনার পরিচয় দেবে। যতদুর সম্ভব শার্প ছবির সাথে পরিচয় প্রদানকারী যেকোন তথ্য প্রদান হতে বিরত থাকবে। ছবি তোলার পূর্বে কি ছবিটি ব্যবহার করা হবে সে সম্পর্কে শিশুকে অবহিত করতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি সাপেক্ষে ছবি তোলা যাবে ।

রিপোর্টিংঃ

সকল প্রতিনিধি যে, শার্প এর শিশু নির্যাতন অথবা শোষনের কোন ঘটনার রিপোর্ট করার ক্ষেত্রে প্রয়োজনীয় নিয়মাবলী সম্পর্কে অবিহিত যে বিষয়ে শার্প নিশ্চয়তা প্রদান করবে।

শার্প এর কর্মকান্ড বাস্তবায়নকারী কোন প্রতিনিধি কর্তৃক শিশু নির্যাতন অথবা শোষনের ঘটনের তা ২৪ ঘন্টার মধ্যে শার্প এবং মানব সম্পদ বিভাগের সংশ্লিষ্ব্যবস্থাপক, সংশ্লিষ্ট পরিচালক এর নিকট রিপোর্ট করতে হবে। রিপোর্টিং এর অংশ হিসাবে অভিযোগকারীর সকল অভিযোগ লিখিত ভাবে জমা দিতে হবে। এবং



Safia Khatun
Director-SHARP

Helal Ahmed
Vice President-SHARP

Md. Showkat Ali
President-SHARP

প্রয়োজনীয়তা অনুযায়ী সময় স্থান এবং এক্ষেত্রে কোন প্রত্যক্ষদর্শী থাকেল এ সকল বিষয় অন্তর্ভুক্ত করতে হবে। তদন্ত পরিচালনা কমিটি বাইরে অন্য কারো সাথে অভিযোগ নিয়ে আলোচনা করা অগ্রহনযোগ্য এক্ষেত্রে নিরপেক্ষ ভাবে তদন্ত পরিচালনা করা অসম্ভব হয় সকল অংশগ্রহনকারীকে তদন্তের স্বার্থে নির্দেশিত নিয়মাবলী মেনে চলতে হবে।

প্রতিক্রিয়াঃ

শিশু নির্যতন অথবা শোষন সংক্রান্ত কোন সম্ভাবনা দেখা দিলে শার্প সঠিক কর্মপন্থা অবলম্বনের মধ্য দিয়ে শিশু সুরক্ষ্যার বিষয়টি নিশ্চিত করবে।

যখন কোন শিশু নির্যাতন অথবা শোষনের ঘটনা রিপোর্ট করা হবে, দুই পক্ষই একটি নিয়ন্ত্রিত প্রক্রিয়ার মধ্য দিয়ে যাবে যা শার্প মানব সম্পদ বিভাগ অথবা পরিচালক উভয় অথবা একজন দ্বারা সম্মত। এক্ষেত্রে সুষ্ট তদন্ত চালনার স্বার্থে আইনী সহায়তাও গ্রহন করা যেতে পারে।

আভ্যন্তরীন তদন্ত গোপনীয়তা, নিরপেক্ষতা এবং দ্রুততার সাথে সম্পন্ন হবে। শিশু নির্যোগন অথবা শোষনের কোন ঘটনার অভিযোগকারী, প্রত্যক্ষদর্শী, তথ্য সহায়তাকারী অথবা তদন্তের সহায়তাকারীর বিরুদ্ধে কোন প্রকার ভীতি প্রদর্শন, বল প্রয়োগ, ঘুষ প্রদান অথবা প্রতিশোধপরায়ন আচরন শার্প কোন প্রকারেই সহ্য করবেনা।

শিশু সুরক্ষা আচরনবিধিঃ

সকল শার্প প্রতনিধি অবশ্যই-

- ধর্ম,বর্ণ,গোত্র,ভাষা, লিঙ্গ, জেন্ডার রাজনৈতিক বা ভিন্ন কোন মতাদর্শ, জাতীয়তা, সামাজিক ও অর্থনৈতিক অবস্থা, পদমর্যাদা, শারিরীক অথবা মানষিক প্রতিবিন্ধতা নির্বিশেষে শার্প এর সকল শিশুর সাথে শ্রদ্ধা এবং মর্যাদাপূর্ন আচরন করবে। একই সাথে বিভিন্ন কার্যক্রম ও সুযোগ সুবিধা ভোগের ক্ষেত্রে সকল শিশু যেন সমান প্রবেশাধিকার পায় তা নিশ্চিত করবে।
- শার্প এর শিশুদের সাথে কাজ করার সময় যে কোন ধরনের যোগাযোগ স্থাপনের ক্ষেত্রে বিশেষতঃ তাদের কথা শোনা ও প্রতিক্রিয়া ব্যক্ত করণের সময় সহনশীল ও সংবেদনশীল হবে।
- শার্প এর শিশুদের প্রতি এমন কোন ভাষার ব্যবহার বা আচরন করবেনা যা বৈষম্যমূলক কুরুচিপূর্ন , যৌন প্ররোচনামূলক, হেয়মূলক বা সাংস্কৃতিক ভাবে অযাচিত।
- শার্প এর শিশুদের শারীরিক শাস্তি দেয়া যাবেনা।
- শিশুদের উপর শারীরিক নির্যাতন বা ভীতি প্রদর্শন করা যাবে না।
- বিশেষ মনোযোগ বা উপহার প্রদানের মাধ্যমে প্রলুব্ধ করে কোন শিশুকে একা বাইরে নিয়ে যাওয়া যাবে না।
- শার্প এর কোন শিশুকে এমন কোন আচরনে বাধ্য করা যাবে না। যা সাংস্কৃতিক ভাবে অযাচিত বা অসৌজন্যমূলক যেমন-স্পর্শ করা, আদর করা, চুমু খাওয়া, জড়িয়ে ধরা ইত্যাদি।
- স্থানীয় আইন অথবা প্রথা থাকলেও ১৮ বছরের নীচে কোন শিশুর সাথে যৌন বা অন্য কোন সম্পর্ক স্থাপর করা যাবেনা। শিশুর বয়স সম্পর্কে ভ্রান্ত ধারনা আত্নরক্ষার্থে গ্রহনযোগ্য হবে না।
- কোন শিশুর যদি বিপদের আশঙ্কা থাকে ,শারীরিক আঘাত প্রাপ্ত হয় অথবা ব্যবস্থাপক (ম্যানেজার) এর পূর্বোক্ত অনুমতি ব্যতিত, শার্প এর প্রতিনিধি অভিভাবক ছারা কোন শিশুকে তাদের বাসায় আমন্ত্রন জানাতে পারবে না।



Safia Khatun
Director-SHARP

Helal Ahmed
Vice President-SHARP

Md. Showkat Ali
President-SHARP

- শিশুর অভিভাবকের সম্মতি এবং ব্যবস্থাপকের (ম্যানেজার) পূর্ব অনুমতি ব্যাতিত শার্প এর কোন শিশুকে বিনা তত্বাবধানে তাদের বাসায় রাত্রিযাপন করানো যাবে না।
- বিশেষ পরিস্থিতি উদ্ভব না হলে শিশুর পিতামাতা অথবা অভিভাবক এবং ব্যস্থাপকের (ম্যানেজার) পূর্বোক্ত অনুমতিব্যতিত কোন শিশুর সাথে এক বিছানায় ঘুমানো যাবে না।
- শার্প এর শিশুদের সাথে ঘনিষ্টভাবে কাজ করার ক্ষেত্রে যতদুর সম্ভব অন্য প্রাপ্তবয়স্ক ব্যাক্তির উপস্থিত নিশ্চিত করতে হবে। বিশেষ ক্ষেত্রে ব্যবস্থাপক (ম্যানেজার) এর পূর্ব সম্মতির প্রেক্ষিতে এর অন্যথা করা যেতে পারে।
- কম্পিউটার, মোবাইল ফোন এবং ভিডিও অথবা ডিজিটাল ক্যামেরা সঠিক ভাবে ব্যবহার করতে হবে। কোনরুপেই এগুলো শার্প এর শিশুদের শোষন অথবা উত্তক্ত করার জন্য বা শিশু পর্ণোগ্রাফী তৈরীতে ব্যবহার করা যাবেনা।
- স্থানীয়ভাবে স্বীকৃতি হলেও কোন শিশুকে গৃহস্থালি অথবা অন্য কোন শিশুশ্রমে গৃহস্থালী অথবা অন্য কোন শিশু শ্রমে নিযুক্ত করা যাবে না এটি বেআইনি।
- শার্প এর কার্যক্রম বাস্তবায়নকারী যেকোন ব্যাক্তি শিশু নির্যাতন অথবা শোষনের কোন নজির পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে শার্প এর মানব সম্পদ বিভাগ এব সংশ্লিষ্ট ব্যবস্থাপক অথবা পরিচালক এর মাধ্যমে সকল অভিযোগ রিপোর্ট করতে হবে।
- কোন শিশুর প্রতি অত্যাচার অথবা শোষনের কোন ঘটনা যদি রিপোর্ট করা হয় , তবে তদন্তের স্বার্থে সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ অন্য কারো সাথে অভিযোগ সম্পর্কিত কোন কিছু নিয়ে আলোচনা করা যাবেনা।
- যদি কোন প্রশ্ন বা সমস্যা দেখা দেয় সেক্ষেত্রে নির্দেশিত নিয়মাবলী অনুসরন করতে হবে এবং তদন্ত প্রক্রিয়াধীন অবস্থায় নিরপেক্ষ থাকতে হবে।
- শিশু নির্যাতন বা শোষনের উপর কেউ যদি কোন ধরনের রিপোর্ট প্রদান করে, তথ্য প্রদান করে বা অন্য কোন ভাবে তদন্তের সহায়তা করে তবে সেই ব্যাক্তির উপর কোন ধরনের বলপ্রয়োগ করা, ভীতি প্রদর্শন বা প্রতিশোধ পরায়ণ আচরন করা যাবে না।
- যেকোন ধরনের প্রশ্ন বা সস্যা দেখা দিলে তা গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে।
- তদন্ত শুরু করা অথবা তদন্ত প্রক্রিয়াধীন অবস্থায় সহায়তা প্রদানের ক্ষেত্রে সঠিক ও কার্যকরী ভূমিকা পালন করতে হবে।

শার্প এর শিশুদের সাথে কাজ করার সময় সকল শার্প প্রতিনিধির জন্য গুরুত্বপূর্ন হলো-

- শিশু নির্যাতন বা শোষনের ঝুঁকি বহন করে এমন সকল পরিস্থিতি সম্পর্কে সচেতন থাকা এবং পরিস্থিতি মোকাবেলা করা।
- শিশু নির্যাতন বা শোষনের ঝঁকি কমানোর জন্য সকল কর্মকান্ড পূর্ব পরিকল্পনা অনুযায়ী পরিচালনা করা।
- এমন একটি পরিবেশ তৈরী করা যেখানে খোলামেলাভাবে শিশু নির্যাতন কিংবা শোষন সংক্রান্ত যে কোন আলোচনা করা যায়।
- সংস্থার ভিতর জবাবদিহিতার এমন এক পরিবেশ তৈরী করা যাতে করে খারাপ আচরণ অথবা সম্ভাবনাময় কোন নির্যাতন বা শোষনমূলক আচরণকে চ্যালেঞ্জ করা সম্ভব হয়।



Safia Khatun
Director-SHARP

Helal Ahmed
Vice President-SHARP

Md. Showkat Ali
President-SHARP

নিজের ক্ষেত্রে শিশুর কথা এবং ছবির ব্যবহার:
যদি কোন কাজের প্রয়োজনের শার্প এর শিশুদের কথা রেকর্ড করা,ছবি তোলা অথবা ভিডিও তৈরী করা হয় ক্ষেত্রে শার্প এর প্রতিনিধি অবশ্যই-

- কোন শিশুর কথা রেকর্ড, ছবি তোলা বা ভিডিও ধারন করার পূর্বে, স্থানীয় রীতিনীতি, বিধিনিষেধ এর মূল্যয়ন করা এবং সে অনুযায়ী ব্যাক্তিগত কথা রেকর্ড করা ও ছবি তোলা উচিত।
- শিশুর পিতা-মাতা বা অভিভাবক, স্কুল কর্তৃপক্ষ অথবা স্থানীয় জননেতার পক্ষ থেকে যথাযথ ভাবে পূর্ন সম্মতি আদায় করতে হবে এবং শিশুকে কথা রেকর্ড করা, ছবি তোলা বা ভিডিও ধারন করার পূর্বে কোন উদ্দেশ্যে ও কাজে ব্যবহৃত হবে সেই সম্পর্কে অবহিত করতে হবে।
- শিশুর রেকর্ডকৃত কথা,ছবি, ভিডিও,ডিভিডি এবং যেকোন ধরনের ডিজিটাল মাধ্যম তৈরী করা, ব্যবহার করা অথবা পুরনোৎপাদনের সময়।
- সকল শিশুকে সম্মান ও মর্যাদাপূর্ন ভাবে উপস্থাপন করতে হবে এবং কোন প্রকার আক্রমানাত্বক বা হেয়মূলক ভাব উপস্থপান করা যাবে না। শিশুরা অবশ্যই পর্যাপ্ত গড় পরিধান করবে এবং যৌর প্ররোচনামূলক কোন ভঙ্গিমায় উপস্থাপিত হবে না।
- শিশুর পূর্ন পরিচয় উন্মোচিত করতে পারে এমন কোন তথ্য অথবা পূর্ন নাম ব্যবহার করা যাবেনা।
- সংগতিপূর্ন প্রসঙ্গ অথবা প্রতিনিধিত্বমূলক ঘটনার সঠিক উপস্থাপনা থাকবে।
- এসকল মাধ্যম সংরক্ষণ এবং চিঠি অথবা ই-মেইলেরমাধ্যমে প্রেরনের ক্ষেত্রে শিশুর পূর্ন পরিচয় উন্মোচিত হতে পারেএরুপ কোন ধরনের লেবেল ব্যবহার করা যাবে না।



**Safia Khatun**
Director-SHARP

**Helal Ahmed**
Vice President-SHARP

**Md. Showkat Ali**
President-SHARP